বিজ্ঞপ্তি নং- বিজিএ/সিএমসি/২০২৬/০৫

তারিখঃ ০৬ জানুয়ারী, ২০২৬

# সকল সম্মানিত সদস্যের জন্য

**বিষয়ঃ জুলাই জাতীয় সনদ ২০২৫ এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার প্রদর্শন প্রসঙ্গে।**

বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫.৯২, তারিখ ০৫ জানুয়ারী ২০২৬ মোতাবেক আগামী ১২ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের গণভোট বিষয়ে ভোটারদের মধ্যে জনসচেতনতা তৈরি করার লক্ষ্যে সকল গার্মেন্টসে ২টি খাড়া (Vertical) ব্যানার (সংযুক্ত-১,২) স্ব উদ্যোগে প্রিন্ট করে গার্মেন্টসের সম্মুখে দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শন করার জন্য মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের কার্যালয় থেকে বিজিএমইএ'র সম্মানিত সভাপতি'র বরাবরে পত্র মারফত অনুরোধ জানিয়েছেন।

এমতাবস্থায়, উক্ত বিষয়ে আপনার গার্মেন্টস কারখানায় এবং প্রধান কার্যালয়ে ২টি খাড়া (Vertical) ব্যানার (সংযুক্ত-১,২) স্ব উদ্যোগে প্রিন্ট করে দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শন করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

৬/১/২৬

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক (২ পাতা)।

# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

**আপনি কি এমন বাংলাদেশ চান, যেখানে—**

- তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্ম কমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে।
- সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না।
- সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে।
- বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবেন।
- যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না।
- সংসদে নারীর প্রতিনিধিত্ব পর্যায়ক্রমে বাড়বে।
- ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে।
- দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে।
- আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন: ইন্টারনেট সেবা কখনও বন্ধ করা যাবে না) বাড়বে।
- দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার মধ্যে ভারসাম্য থাকবে।

**আরও বিস্তারিত জানতে ভিজিট করুন:**

www.gonovote.gov.bd এবং www.gonovote.bd

**" হ্যাঁ" ভোট দিলে উপরের সবকিছু পাবেন। "না " ভোট দিলে কিছুই পাবেন না।**

মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।

প্রচারে: গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন

**দেশের চাবি
আপনার হাতে**

# পরিবর্তনের জন্য

# "হ্যাঁ"